দৈনিক বাংলা

তারিখ 13 NOV 19[illegible]
পৃষ্ঠা 3 কলাম 3

৫ 3



আবদন নূর

# আবদুল নূর সার্ক কৃষি তথ্য কেন্দ্রের পরিচালক

সম্প্রতি জনাব আবদন নূর সার্ক-এর কৃষি তথ্য কেন্দ্রের (সাইক) পরিচালক হিসাবে যোগদান করেছেন। সার্ক-কাঠামোর মধ্যে কৃষি তথ্য কেন্দ্রই হচ্ছে প্রথম স্থায়ী প্রতিষ্ঠান। এ জাতীয় প্রতিষ্ঠান সার্কের অন্যান্য সদস্য রাষ্ট্রেও প্রতিষ্ঠা করা হবে।

এ নিয়োগের পূর্বে জনাব নূর বিগত ২৫ বৎসর যাবৎ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রধান গ্রন্থাগারিক পদে নিয়োজিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগের ছাত্রদের মধ্য থেকে জনাব অবদন নূরই সর্ব প্রথম আমেরিকার ডেনভার বিশ্ববিদ্যালয় থেকে ১৯৬৩ সালে গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। ১৯৬২ সালে তিনি উত্তর আমেরিকান কলোর‍্যাডো বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর শিক্ষা-প্রশাসন কোর্সেও যোগদান করেছিলেন এবং ১৯৮৫ সালে কমনওয়েলথ কৃষি ব্যুরো কর্তৃক অক্সফোর্ড থেকে কৃষি তথ্য বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত হন।

প্রথম জীবনে জনাব নূর ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের প্রভাষক এবং গ্রন্থাগার বিজ্ঞান বিভাগের খন্ডকালীন শিক্ষক ছিলেন। জনাব নূরের পেশাগত নিবন্ধসমূহ 'দি ইস্টার্ন লাইব্রেরীয়ান' নামক সাময়িকীতে প্রকাশিত হয়েছে। তিনি মুন্সীগঞ্জ জেলার বিক্রমপুরের অধিবাসী। খবর বিজ্ঞপ্তির।